# তারেক রহমানের সঙ্গে বৈঠকে আগ্রহী শেহবাজ, জানালেন ইসহাক দার



সংগৃহীত ছবি

সৌদি আরবের জেদ্দায় ওআইসির ফিলিস্তিনবিষয়ক নির্বাহী সভার ফাঁকে একাধিক দেশের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। নতুন সরকার গঠনের জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানান অংশ নেওয়া নেতারা এবং একসঙ্গে কাজের আগ্রহ প্রকাশ করেন।

পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার জানান, প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করতে চান এবং সুযোগ হলে ঢাকায় সফরে আসতেও আগ্রহী। তিনি আশা প্রকাশ করেন, নতুন সরকারের অধীনে দুই দেশের সম্পর্ক এগোবে।

তুরস্ক, সৌদি আরব, ফিলিস্তিন ও গাম্বিয়ার প্রতিনিধিদের সঙ্গেও বৈঠক হয়। আলোচনায় ফিলিস্তিনের প্রতি বাংলাদেশের সমর্থন পুনর্ব্যক্ত করা হয় এবং রোহিঙ্গা ইস্যুতে সহযোগিতা অব্যাহত রাখার কথা উঠে আসে।

LENS ASIA

এ সময় জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতির পদে বাংলাদেশের প্রার্থিতার প্রতি সমর্থন জানানো হয়। বৈঠকগুলোতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।